

# এডোসিন সিরাপ

তন্দ্রাচ্ছন্নতা মুক্ত কফ নিঃসারক

## উপাদান :

প্রতি ৫ মি:লি: এ আছে	
জিজাইফাস ভালগ্যারিস (ওলাব)	১০০ মি:গ্রা:
সিসামব্রিয়াম ইরিও সীডস (খাকসী বীজ)	১০০ মি:গ্রা:
হায়োসসোপাস অফিসিনালিস ফ্লাওয়ার (যূফা ফুল)	১০০ মি:গ্রা:
অসিমাম এ্যালবাম (তুলসী)	৫০ মি:গ্রা:
পিপার লংগাম রুটস (পিপুল মূল)	৫০ মি:গ্রা:
জিঞ্জিবার অফিসিন্যাল (গুঁঠ)	৫০ মি:গ্রা:
এ্যাচাটোডা ভ্যাসিকা লিফ (বাসক পাতা)	২৫ মি:গ্রা:
গ্লাইসারহিজা গ্লাবরা (যষ্টি মধু)	১৫ মি:গ্রা:

এবং অন্যান্য উপাদান

সূত্র : শরবত তুলসী

বাংলাদেশ জাতীয় ইউনানী ফর্মুলারী ।

## ইউনানী ঔষধ

### বর্ণনা :

এডোসিন সিরাপ ভেষজের সুষম সংমিশ্রনে তৈরী। যা সব ধরনের কাশির ক্ষেত্রে অত্যন্ত কার্যকরী। এডোসিনের ভেষজ উপাদানগুলো কাশি, ঠাণ্ডা, সর্দি এবং ইনফ্লুয়েঞ্জায় অত্যন্ত কার্যকর যা বহুল পরিষ্কীত ও প্রমানিত। এডোসিন সিরাপ সুসহনীয়, নিরাপদ ও তন্দ্রাচ্ছন্ন মুক্ত কফ নিঃসারক এবং এন্টি এলার্জিক উপাদান বিদ্যমান। এডোসিন সিরাপ বিমুনিমুক্ত এবং সেবনে মুখ গহ্বরের গুরুতা পরিলক্ষিত হয় না। এডোসিন সিরাপ শিশু এবং প্রাপ্ত বয়স্কদের জন্য সমভাবে উপকারী। পিপার লংগামে ভলেটাইল অয়েল এবং পিপারাইন নামক এ্যালকালয়েড বিদ্যমান যা হাঁপানি, বৃকে জমাট বাধা কফ এবং স্বর ভঙ্গ উপশম করে। জিজাইফাস ভালগ্যারিস, সিসামব্রিয়াম ইরিও সীডস কফ নিঃসারক এবং ব্রঙ্কাইটিস উপশম করে। অসিমাম এ্যালবাম কফ নিঃসারক, সর্দি বিরোধী এবং জ্বর নিবারক। এ্যাচাটোডা ভ্যাসিকা লিফ কাশি এবং মিউকাস কে তরল করে বের করে দিতে সাহায্য করে। এছাড়া ইহার ফাংগাস, ব্যাকটেরিয়া বিরোধী এবং জীবানুনাশক গুণাবলী বিদ্যমান। গ্লাইসারহিজা গ্লাবরা স্বরের অস্বস্থি নিরাময় করে। এটি রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে এবং কফ বের করতে সহায়তা করে এবং প্রদাহের বিরুদ্ধে কার্যকর। জিঞ্জিবার অফিসিন্যাল এতে হিস্টামিন বিরোধী উপাদান আছে। সাধারণ ঠাণ্ডা প্রতিরোধে এটি অত্যন্ত কার্যকর উপাদান।

### প্রয়োগক্ষেত্র :

কাশি, বৃকের কফ, সর্দি ও ইনফ্লুয়েঞ্জা জনিত কাশি, হুপিং কফ, শাসকষ্ট, হাঁপানি, ফুসফুসের দুর্বলতা।

### মাত্রা :

প্রাপ্ত বয়স্ক : ২-৪ চা চামচ করে দিনে ২-৩ বার।

অপ্রাপ্ত বয়স্ক : ১-২ চা চামচ করে দিনে ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

পার্শ্ব প্রতিক্রিয়া : নির্দেশিত মাত্রায় এডোসিন সেবন করলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

### প্রতি নির্দেশনা :

কোন রোগীর ক্ষেত্রে যদি এডোসিন এর কোন এক বা একাধিক উপাদানের কোনরূপ অতিসংবেদনশীলতা থাকে তবে সর্বকর্তা অবলম্বন করতে হবে।

### গর্ভাবস্থায় ও দুগ্ধদানরত মায়েদের ক্ষেত্রে ব্যবহার :

গর্ভাবস্থায় ও দুগ্ধদানরত মায়েদের ক্ষেত্রে এডোসিন সিরাপ কোন অসুবিধার সৃষ্টি করে না।

### পরিবেশনা :

এডোসিন সিরাপ ১০০ মি:লি: এবং ২০০ মি:লি: (প্রতিটি পিইটি বোতলের সাথে একটি মাত্রা পরিমাপক কাপ আছে)

\* আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

সকল ঔষধ শিশুদের নাগালের বাহিরে রাখুন।

\* অনুরোধে বিস্তারিত তথ্য সরবরাহ করা হয়।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ

গাজীপুর-বাংলাদেশ।